



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৭ ফেব্রুয়ারি, ২০২০

প্রেসবিজ্ঞপ্তি

আজ ১৭ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ সকাল সাড়ে ৯টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেসস সেল (আইকিউএসি)-এর উদ্যোগে তরুণ শিক্ষকদের চারদিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির শুভ উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, শিক্ষকতা একটি পবিত্র দায়িত্ব। এটি অন্য পেশার মতো নয়। শিক্ষককে অবশ্যই তার জীবনাচারণের পরিবর্তন করতে হবে। তাঁকে সময়মতো ক্লাসে আসতে হবে এবং প্রয়োজনীয় অধ্যয়ন করতে হবে। নিজেদেরকে যোগ্য হিসেবে গড়ে তুলতে হবে। তা না হলে আমরা বৈশ্বিক প্রতিযোগিতার জন্য যোগ্য মানুষ তৈরি করতে পারব না। মনে রাখতে হবে, শিক্ষকদেরকে ছাত্রছাত্রীরা অনুসরণ করে। সুতরাং তাদের উচিত হচ্ছে নৈতিকতার সর্বোচ্চ মান সবসময় বজায় রাখা। পরীক্ষায় নম্বর প্রদানের সময় কাউকে কম-বেশি নম্বর দেওয়া হচ্ছে কী না তা ভাবতে হবে।

তিনি আরও বলেন, আমরা বিগত আড়াই বছরে দেশের সর্বোচ্চ মেধাবীদের শিক্ষক হিসেবে নিয়োগ দিয়েছি। এর মূল উদ্দেশ্য হচ্ছে আমরা জাতিকে যোগ্য নাগরিক উপহার দিতে চাই যারা যে কোন প্রতিযোগিতায় শ্রেষ্ঠত্ব প্রমাণ করতে পারবে।

তিনি বলেন, আমরা শিক্ষার্থীদের শুধুমাত্র লেখাপড়ার দিকটিই দেখছি না। আমরা তাদের খাদ্য, স্বাস্থ্য, আর্থিক ও মানসিক বিষয়গুলোর প্রতিও নজর দিচ্ছি।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম।

আইকিউএসি-এর পরিচালক প্রফেসর ড. মো. আশরাফুল আলমের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশের কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মাসুমা হাবিব এবং শাবিপ্রবি সেন্টার অব এক্সিলেন্সের পরিচালক প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আগামী ২০ ফেব্রুয়ারি পর্যন্ত বিভিন্ন বিভাগের তরুণ শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করা হবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার